নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৬/২৪৩৯ ২৯ জানুয়ারি ২০২৬

# নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. বাংলাদেশের তিনবারের সফল প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। দেশব্যাপী তিন দিনের রাষ্ট্রীয় শোক পালনের অংশ হিসেবে শুক্রবার (২ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি কেন্দ্রীয় মসজিদে বাদ জুম্মা এ মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীবৃন্দ।



২. আঞ্চলিক ইনোভেশন হাব গড়ে তোলা, ইন্ডাস্ট্রি ও একাডেমিয়ার সম্পর্ক জোরদার এবং নলেজ, স্কিল ও ইনোভেশনের সমন্বয়ে দক্ষ গ্র্যাজুয়েট তৈরির মাধ্যমে বাংলাদেশকে এগিয়ে নেওয়ার আহ্বান জানিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শনিবার (৩ জানুয়ারি ২০২৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত বাংলাদেশ স্কিলস সামিট ২০২৬-এ স্পিকার হিসেবে অংশ নিয়ে তিনি এ আহ্বান জানান। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ঢাকসু) ও থ্রাইভিং স্কিলস এর যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ সামিটের প্রতিপাদ্য ছিল ‘কালট্রিভিউটিং প্রোগ্রেস থ্রু এন্ড স্কিল বেইজড ইকোনমি’।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের ইস্তাম্বুল নিশানতাসি ইউনিভার্সিটি এবং এসকিসেহির টেকনিক্যাল ইউনিভার্সিটির সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। এছাড়াও এসকিসেহির টেকনিক্যাল ইউনিভার্সিটির সঙ্গে ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় নোবিপ্রবি'র প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষর হয়। সোমবার (৫ জানুয়ারি ২০২৬) উপাচার্য দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এতে নোবিপ্রবির পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৪. বিএনপি চেয়ারপারসন, নোবিপ্রবি'র ভিত্তি প্রস্তর স্থাপনকারী এবং একাডেমিক কার্যক্রমের উদ্বোধক মরহুমা বেগম খালেদা জিয়ার স্মরণে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শোকসভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৬ জানুয়ারি ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটরিয়ামে এ শোকসভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৫. বহুমাত্রিক গবেষণার মাধ্যমে জ্ঞান, প্রযুক্তি ও ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সমন্বয় ঘটিয়ে টেকসই উন্নয়ন সম্ভব বলে অভিমত ব্যক্ত করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শুক্রবার (৯ জানুয়ারি ২০২৬) কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের উদ্যোগে অনুষ্ঠিত প্রথম আন্তর্জাতিক বহুমাত্রিক গবেষণা সম্মেলনে তিনি এ অভিমত ব্যক্ত করেন। নোবিপ্রবি উপাচার্য বলেন, আমাদের প্রযুক্তির ভোক্তা থেকে প্রযুক্তির স্রষ্টা হতে হবে। বহুমাত্রিক গবেষণা কেবল একাডেমিক উৎকর্ষ নয়, বরং সমাজ ও রাষ্ট্রের বাস্তব সমস্যার সমাধানে কার্যকর ভূমিকা রাখতে পারে।



৬. নোয়াখালীর সুবর্ণচরে গ্রিন ফিউচার স্কুল এন্ড কলেজের উদ্বোধন করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ উপলক্ষে রবিবার (১১ জানুয়ারি ২০২৬) প্রতিষ্ঠান প্রাঙ্গণে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও গ্রিন ফিউচার স্কুল এন্ড কলেজের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সম্মুখসড়ক চার লেনে উন্নীতকরণ বিষয়ক অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১২ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের সভাকক্ষে এ সভা আয়োজিত হয়। এতে সভাপতিত্ব করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৮. নোবিপ্রবি'র ভিত্তি প্রস্তর স্থাপনকারী ও একাডেমিক কার্যক্রমের উদ্বোধক বিএনপি চেয়ারপারসন মরহুমা বেগম খালেদা জিয়ার স্মরণে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শোক ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৩ জানুয়ারি ২০২৬) সকালে বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়। নোবিপ্রবির জাতীয়তাবাদী ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এ সভার আয়োজন করে। সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৯. দক্ষিণ এশিয়ার উচ্চশিক্ষা ব্যবস্থার বর্তমান অবস্থা, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পথনির্দেশনা নিয়ে রাজধানীর লা মেরিডিয়ান হোটেলে শুরু হয়েছে South Asian Regional Conference on State of Higher Education and Future Pathway (SARCHE 2026)। মঙ্গলবার (১৩ জানুয়ারি ২০২৬) অনুষ্ঠিত এ আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এস. এম. এ. ফয়েজ এর সভাপতিত্বে সম্মেলনে অংশগ্রহণ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে (নোবিপ্রবি) কৃষি ক্ষেত্রে গবেষণার জন্য ৩০ লক্ষ টাকার অনুদান প্রদান করেছে সাউথইস্ট ব্যাংক পিএলসি। বুধবার (১৪ জানুয়ারি ২০২৬) রাজধানীর দিলকুশায় ব্যাংকটির প্রধান কার্যালয়ে এ অনুদান প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল, সাউথইস্ট ব্যাংকের চেয়ারম্যান এম এ কাশেম, নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদসহ ব্যাংকটির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



১১. গণভোটের প্রচার ও উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে চট্টগ্রামে বিভাগীয় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৫ জানুয়ারি ২০২৬) চট্টগ্রাম জেলা স্টেডিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) অধ্যাপক ড. আলী রিয়াজ। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে অংশগ্রহণ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১২. বিজ্ঞান, উদ্ভাবন ও প্রযুক্তিনির্ভর সবুজ শিল্প উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর উদ্যোগে 2nd International Conference on Frontiers in Science, Innovation & Technology for Greener Industry (ICFSITGI 2026) শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৫ জানুয়ারি ২০২৬) বুয়েটে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিক্ষা উপদেষ্টা প্রফেসর ড. চৌধুরী রফিকুল আবরার। সম্মেলনে একটি কারিগরি সেশনে Powering The future: A sustainable way to clean and affordable energy বিষয়ে কি নোট উপস্থাপন করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে গণভোট সচেতনতা বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৮ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। ইয়েস বাংলাদেশ এর আয়োজন কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ।



১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে মাদকবিরোধী ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। মাদকবিরোধী গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রোববার (১৮ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি কেন্দ্রীয় খেলার মাঠে এ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সার্বিক সহযোগিতায় এবং নোবিপ্রবি শরীরচর্চা শিক্ষা দপ্তরের আয়োজনে প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে স্মার্ট ন্যানোম্যাটেরিয়ালস বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৮ জানুয়ারি ২০২৬) সকালে নোবিপ্রবির বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত 'Smart Nanomaterial's: Where Medicine, Energy, Material Science & AI Converge' শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়। নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের হিতিত এবং ইস্কেন্দেরুন টেকনিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় আন্তঃপ্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এছাড়াও থাইল্যান্ডের কাসেতসার্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নোবিপ্রবির সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। সোমবার (১৯ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশান এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিসের আয়োজনে নোবিপ্রবির পক্ষে চুক্তিসমূহে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষা বিভাগের আয়োজনে স্কুল ইন্টার্নশিপ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২০ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে এমএস এবং পিএইচডি অর্ডিন্যান্স বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২১ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৯. টাইমস হায়ার এডুকেশনের সাবজেক্ট র‍্যাঙ্কিংয়ে অবস্থানের গৌরব অর্জন করেছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)। বুধবার (২১ জানুয়ারি ২০২৬) যুক্তরাজ্যভিত্তিক উচ্চশিক্ষা বিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (Times Higher Education) এই র‍্যাঙ্কিং প্রকাশ করে। এতে ফিজিক্যাল সায়েন্স সাবজেক্ট ক্যাটাগরিতে বৈশ্বিক পর্যায়ে ৬০১ থেকে ৮০০ এর মধ্যে এবং বাংলাদেশে ৩য় অন্যদিকে লাইফ সায়েন্স ক্যাটাগরিতে বৈশ্বিক পর্যায়ে ৮০১ থেকে ১০০০ এবং বাংলাদেশে ৮ম অবস্থানে রয়েছে নোবিপ্রবি।




২০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থী ও ক্লাব প্রতিনিধিদের অংশগ্রহণে 'গ্লোবাল ইমপ্যাক্ট, লোকাল অ্যাকশন: এমপাওয়ারিং স্টুডেন্ট ক্লাবস অ্যাজ ক্যাটালিস্টস্ ফর সাসটেইনেবিলিটি এক্সিলেন্স' বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২২ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



২১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সরস্বতী পূজা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (২৩ জানুয়ারি ২০২৬) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় উপাসনালয়ে এ উপলক্ষে বাণী অর্চনা, বৈদিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় উপাসনালয় ব্যবস্থাপনা কমিটি ও সনাতনী শিক্ষার্থী পরিষদ এর আয়োজন করে।



২২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে 'Training on Writing ATF Sub-Project Proposal' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। রোববার (২৫ জানুয়ারি ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। প্রশিক্ষণে রিসোর্স পারসন ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এম মনিরুল ইসলাম।



২৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে ম্যালেরিয়া প্রতিরোধে জিনোমিক সার্ভেইলেন্স প্রতিষ্ঠা বিষয়ক 'Training on Establishing genomic Surveillance for early warning of antimalarial drug resistance in Bangladesh' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৬ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



২৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল জাপানের জিচি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। বুধবার (২৮ জানুয়ারি ২০২৬) সকালে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়। সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য জাপান ও বাংলাদেশের গবেষকদের মধ্যে যৌথ গবেষণা জোরদারের বিষয়ে আলোকপাত করেন। তিনি নোবিপ্রবি ও জিচি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবনের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা ও ভবিষ্যৎ নিয়ে ফলপ্রসূ আলোচনা করেন। আলোচনা শেষে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নোবিপ্রবির উপহার (লোগো সম্বলিত পাটের ব্যাগ) ও জাপানিজ প্রতিনিধিদল জাপান থেকে আনা উপহার বিনিময় করেন।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪